



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৯.২০১৯/ ১৭০৭/২

তারিখ: ১২/০৬/২০২২খ্রি.

বিষয় : ৩১.১২.২০১৯ তারিখের পরবর্তী সময়ে কতজন তৃতীয় শিক্ষক NTRCA এর মাধ্যমে নিয়োগ পেয়েছেন তার তথ্য প্রেরণ।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং- ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৭.১২৮; তারিখ: ০১/০৬/২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রস্থ পত্র মোতাবেক ৩১.১২.২০১৯ তারিখের পরবর্তী সময়ে কতজন তৃতীয় শিক্ষক NTRCA এর মাধ্যমে নিয়োগ পেয়েছেন তার তথ্যাদি প্রেরণ করার জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, ৩১.১২.২০১৯ তারিখে পরবর্তী সময়ে কতজন তৃতীয় শিক্ষক NTRCA এর মাধ্যমে নিয়োগ পেয়েছেন তার তথ্যাদি নিম্নোক্ত ছক ও শর্ত মোতাবেক ১৫/০৬/২০২২খ্রি. তারিখের মধ্যে জেলা ভিত্তিক তালিকা প্রণয়ন করে Word Copy এবং PDF Copy (নিকোশ ফন্টে) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

তথ্য ছক

ক্র নং	জেলা ও উপজেলার নাম	কলেজের নাম, EIHN ও এমপিও ইনডেক্স	স্নাতক (পাস) পর্যায়ে তৃতীয় শিক্ষকের নাম ও পদবী (বিষয়সহ)	নিবন্ধন নম্বর	জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃতি/অধিভুক্তি প্রাপ্তির স্মারক নং ও তারিখ	এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত সন (চক্র) ও তারিখ	কলেজে যোগদানের তারিখ	এনটিআরসিএ কর্তৃক সুপারিশের ধরণ এমপিও/ননএমপিও পদ	সংশ্লিষ্ট বিষয়ে এমপিওভুক্ত শিক্ষক সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১

শর্তসমূহ:

- ১। ৩১/১২/২০১৯ তারিখের পরে এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত ও স্নাতক (পাস) স্তরে তৃতীয় শিক্ষক হিসেবে কলেজ কর্তৃক যোগদানকৃত হতে হবে।
- ২। অনার্স/মাস্টার্স পর্যায়ে নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণের নাম প্রেরণ করা যাবে না।
- ৩। শুধু স্নাতক (পাস) স্তরে তৃতীয় শিক্ষক হিসেবে এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত ও যোগদানকৃত হতে হবে।
- ৪। কলেজ হতে প্রেরিত চাহিদাপত্র (Requisition) এ স্নাতক (পাস) পর্যায়ে নন এমপিও শিক্ষক উল্লেখ থাকতে হবে।
- ৫। এনটিআরসিএ কর্তৃক সুপারিশপত্র Non MPO পদ উল্লেখ থাকতে হবে।
- ৬। কলেজের স্নাতক (পাস) পর্যায়ে প্রতিষ্ঠান এমপিওভুক্ত হতে হবে।
- ৭। নিয়োগ নিষেধাজ্ঞা থাকায় সদ্য সরকারিকৃত কোন কলেজের স্নাতক (পাস) পর্যায়ে তৃতীয় শিক্ষকদের নাম প্রেরণ করা যাবে না।
- ৮। শিক্ষককে কলেজে যোগদানের তারিখ থেকে অদ্যাবধি নিরবচ্ছিন্ন ও ধারাবাহিকভাবে কর্মরত থাকতে হবে।
- ৯। কোন শিক্ষকের বিরুদ্ধে মামলা থাকলে তা অবশ্যই উল্লেখ করতে হবে।
- ১০। কলেজের শিক্ষকদের নামের তালিকা প্রেরণ সংক্রান্ত কোনো তথ্য মিথ্যা, জাল, বিধি বিধান পরিপন্থী হলে অধ্যক্ষ ও গভর্নিং বডি'র বিরুদ্ধে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ও বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। কোনভাবেই এ নির্দেশনা অমান্য করা যাবে না।
- ১১। স্নাতক (পাস) স্তরে তৃতীয় শিক্ষকবৃন্দের জন্য এনটিআরসিএ চাহিদা প্রেরণ এবং কলেজে যোগদান সংক্রান্ত গভর্নিং বডি'র রেজুলেশন থাকতে হবে ও রেজুলেশনে তৃতীয় শিক্ষক কথটি উল্লেখ থাকতে হবে।
- ১২। নির্ধারিত সময়ের মধ্যে কলেজ থেকে আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে শিক্ষকদের নামের তালিকা প্রেরণ না করলে পরবর্তীতে কোন দাবি গ্রহণ করা হবে না।

বি.দ্র. কলেজ থেকে সরাসরি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে কোন শিক্ষকের নাম প্রেরণ করা যাবে না। স্ব স্ব আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে শিক্ষকের নামের তালিকা প্রেরণ করতে হবে।

12.6.2022
(প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ফোন নং-৯৫৫৪৫৬৫

পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয় (সকল)

Hame